

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

ক্রমিক নং-০২। সায়েদাবাদ পানি শোধনাগারের পানির মেইন ট্রান্সমিশন লাইনের কপি।

ক্রমিক নং-০৩। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।

ক্রমিক নং-০৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Repairing and Maintenance of e-PRV related Gate Valve for water Transmission network of SWTP.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সাপাশো (রক্ষণাবেক্ষণ) বিভাগের মাধ্যমে ডিএনডি খাল ও টুইন বক্স কালভার্ট রক্ষণাবেক্ষণ, সাপাশো প্ল্যান্টের অভ্যন্তরে সিভিল অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং পরিশোধিত পানি ট্রান্সমিশনের জন্য ব্যবহৃত ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১এ মোট ২৬ টি এবং ফেজ-২ এ যথাক্রমে মোট ১৫ টি e-PRV রয়েছে। প্রতিটি e-PRV এর ইনলেট ও আউটলেটে ০১ (এক) টি করে মোট ০২ (দুই) টি গেট ভালভ থাকে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ চালু হয় ২০০২ সালে এবং দীর্ঘ ২০ বৎসর যাবৎ অবিরাম পরিচালনের ফলে উচ্চ চাপের লাইনের বিভিন্ন e-PRV এর ইনলেট ও আউটলেটের গেট ভালভ গুলোতে ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। ভালভ গুলির অভ্যন্তরস্থ স্পিডল, প্লেট, গ্যাসকেট, গ্ল্যান্ড প্যাকিং ইত্যাদি বিভিন্ন যন্ত্রাংশ অর্ধতা জনিত এবং উচ্চ চাপের কারণে বিভিন্ন e-PRV (Bending, Torsional etc.) সৃষ্টি হয়ে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই সুষ্ঠুভাবে পানি সরবরাহের স্বার্থে, জরুরী ভিত্তিতে গেট ভালভগুলো মেরামত করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, প্ল্যান্টের “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন নেটওয়ার্ক এর মাধ্যমে মডস জোন সমূহের ডিষ্ট্রিবিউশন লাইনে পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিতকল্পে সহায়ক হবে।

১.২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪,৯৭,৭৬৭.২৪১ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত সাতষট্টি দশমিক দুই চার এক টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

১.১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২১২ এবং প্যাকেজ নং- W-134 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রমকারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Repairing and Maintenance of e-PRV related Gate Valve for water Transmission network of SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৭,৭৬৭.২৪১ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত সাতষট্টি দশমিক দুই চার এক টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য দ্রব্য সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত (কোড ০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


30-04-25

মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সায়দাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা



৩০/৪/২৫

মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।




সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়দাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা

SE(WSTPC)


30.04.2025

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াশা


2.8

মোঃ আব্দুল সাদিক খান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা